

ভবন নির্মাণের নকশা অনুমোদন গ্রহণের নিয়মাবলী:-

- ০১। উপজেলা কমিটিতে সর্বোচ্চ ৬ তলা পর্যন্ত ভবন নির্মাণের জন্য আবেদন করা যাবে।
- ০২। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে সরাসরি সংগ্রহ করা যাবে অথবা www.satkania.chittagong.gov.bd ওয়েব সাইট হতে ডাউনলোড করা যাবে।
- ০৩। আবেদন পত্র জমাদান প্রদানের সময় নগদ ১০০/- (একশ) টাকা জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
- ০৪। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্র জমা দিতে হবে।
 - ক) বিএসসি ইঞ্জিনিয়ার কর্তৃক প্রণীত ভবনের ৩ কপি নকশা (লে-আউট প্ল্যানসহ)। নকশায় ইঞ্জিনিয়ারের নাম ও আইডি নম্বরসহ স্বাক্ষর থাকতে হবে।
 - খ) আবেদনকারীর নামে জমির বি.এস/ নামজারী খতিয়ান।
 - গ) কেবলমাত্র সীমানা প্রাচীর নির্মাণের ক্ষেত্রে সীমানা প্রাচীরের লে-আউট প্ল্যান জমা দিলেই চলবে।
- ০৫। নকশা অনুমোদনের পর নিম্নবর্ণিত হারে ফি জমা দিয়ে অনুমোদনের কপি সংগ্রহ করতে হবে। ফি জমা প্রদানের ব্যাংক একাউন্ট নম্বর উপজেলা পরিষদ রাজস্ব তহবিল, সোনালী ব্যাংক, সাতকানিয়া শাখা, চলতি হিসাব নং ০০১০১৩৬৭৮।
 - ক) আবাসিক ভবনের জন্য ১ম ৫০০ বর্গফুট ২০০০/- টাকা; পরবর্তী প্রতি বর্গফুট ১.৫০ টাকা।
 - খ) সেমিপাকা আবাসিক ভবনের ক্ষেত্রে ১ম ৫০০ বর্গফুট ১০০০/- টাকা; পরবর্তী প্রতি বর্গফুট ৫০ পয়সা।
 - গ) বাণিজ্যিক ভবনের ক্ষেত্রে ১ম ৫০০ বর্গফুট ২০০০/-টাকা; পরবর্তী প্রতি বর্গফুট ২.০০ টাকা।
 - ঘ) সেমিপাকা বাণিজ্যিক ভবনের ক্ষেত্রে ১ম ৫০০ বর্গফুট ১০০০/-টাকা; পরবর্তী প্রতি বর্গফুট ১.০০ টাকা।
 - ঙ) কেবলমাত্র সীমানা প্রাচীর নির্মাণের ক্ষেত্রে যে কোন দৈর্ঘ্যের জন্য নির্ধারিত ২০০০/-টাকা।